রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।
www.rajuk.gov.bd

**বিষয়ঃ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে গঠিত পরিবীক্ষণ কমিটির ২০২৪-২০২৫ অর্থবছরের অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আব্দুল আহাদ, এনডিসি, সদস্য (প্রশাসন ও অর্থ), রাজউক, ঢাকা। |
| সভার স্থান | : | সদস্য (প্রশাসন ও অর্থ) মহোদয়ের অফিস কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ০৯.০৯.২০২৪, সকাল: ১১.৩০ টা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য জারীকৃত নির্দেশনা/কর্মপরিকল্পনা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষে কর্মরত কর্মকর্তাদের সমন্বয়ে সভা করার বিধান রয়েছে। তিনি সভায় রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষে কর্মরত কর্মকর্তাদের নিষ্ঠার সাথে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন করার উপর গুরুত্বারোপ করেন। তিনি সভাকে আরো জানান যে, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষে যে সিটিজেন চার্টার প্রণয়ন করা হয়েছে, সে মোতাবেক সেবা প্রদান করা সকল কর্মকর্তা/কর্মচারীর দায়িত্ব। কোন কর্মকর্তা/কর্মচারী যদি সিটিজেন চার্টার মোতাবেক সেবা প্রদান না করে থাকেন, তাহলে সেবা গ্রহীতা তার আর্থিক ক্ষতির জন্য সেবা প্রদানকারীর নিকট ক্ষতিপূরণ দাবী করতে পারবেন। সুতরাং সবাইকে সেবা প্রদানের ক্ষেত্রে এ বিষয়টি বিবেচনায় নিতে হবে। সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনার জন্য কমিটির সদস্য সচিব-কে অনুরোধ করেন।

০২। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব, পরিচালক (প্রশাসন) সভাকে জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর অংশ হিসেবে অর্ন্তভুক্ত করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) তে ভালো করতে হলে অবশ্যই সেবা প্রদান প্রতিশ্রুতিতে ও ভালো করতে হবে। এ বিষয়ে তিনি সকল শাখা/দপ্তর প্রধানের সহযোগিতা আশা করেন। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে বিভিন্ন সূচকের অগ্রগতি পর্যালোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি আগামী ১৫/০৯/২০২৪ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখা হতে পরিচালক (প্রশাসন) শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয় এবং সংশ্লিষ্ট শাখা হতে প্রাপ্তি সাপেক্ষে মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট উইং/ শাখা/ বিভাগীয় প্রধানগণ। |
| ০২ | সেবা প্রদান প্রতিশ্রুতি একটি লাইভ ডকুমেন্ট হওয়ায় তা সার্বক্ষণিক আপডেট রাখতে হবে এবং সেবা প্রদান সংশ্লিষ্ট সকল শাখা/দপ্তর সমূহকে নিজ নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ পূর্বক সেবা প্রত্যাশীদের জন্য দৃশ্যমান স্থানে ব্যানার আকারে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ পূর্বক রাজউক প্রধান ভবনের নিচ তলায় সুবিধাজনক স্থানে ডিজিটাল স্ক্রিন/পর্দায় প্রদর্শনের বিষয়ে আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি একটি লাইভ ডকুমেন্ট হওয়ায় তা সার্বক্ষণিক আপডেট রাখতে হবে এবং সেবা প্রদান সংশ্লিষ্ট সকল শাখা/দপ্তর সমূহকে নিজ নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ পূর্বক সেবা প্রত্যাশীদের জন্য দৃশ্যমান স্থানে ব্যানার আকারে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ পূর্বক রাজউক প্রধান ভবনের নিচ তলায় সুবিধাজনক স্থানে ডিজিটাল স্ক্রিন/পর্দায় প্রদর্শনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট উইং/ শাখা প্রধানগণ এবং সিনিয়র সিস্টেম এনালিস্ট/ নির্বাহী প্রকৌশলী বৈদ্যুতিক-১/২ |



Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৩ | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েব সাইটে লাইভ ডকুমেন্ট হিসেবে প্রদর্শনের বিষয়ে আলোচনা হয়। | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েব সাইটে লাইভ ডকুমেন্ট হিসেবে প্রদর্শনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ০৪ | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন সংশ্লিষ্ট শাখা হতে প্রাপ্তি সাপেক্ষে মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০৫ | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের প্রত্যেক দপ্তর/শাখা কর্তৃক নির্ধারিত সিটিজেন চার্টার অনুয়ায়ী সকল কর্মকর্তা/কর্মচারীদের-কে সেবা নিশ্চিত করণের বিষয়ে আলোচনা হয়। | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের প্রত্যেক দপ্তর/শাখা কর্তৃক নির্ধারিত সিটিজেন চার্টার অনুয়ায়ী সকল কর্মকর্তা/কর্মচারীদের-কে সেবা নিশ্চিত করণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর/শাখার কর্মকর্তা/ কর্মচারী |

০৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) শতভাগ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীলতার সাথে কাজ করার আহবান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১/০৯/২০২৪

(মোহাম্মদ আব্দুল আহাদ, এনডিসি)
সদস্য (প্রশাসন ও অর্থ)
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

নং-২৫.৩৯.০০০০.০০৯.২২.০০১.২৪-৬০১৮ (১৪৮) তারিখঃ ২৭ ভাদ্র ১৪৩১বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

০১। সদস্য (প্রশাসন ও অর্থ/ উন্নয়ন/পরিকল্পনা/উন্নয়ন নিয়ন্ত্রণ/এস্টেট ও ভূমি), রাজউক, ঢাকা।
০২। প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন/প্রকল্প ও ডিজাইন), রাজউক, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজউক, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৪। প্রধান নগর পরিকল্পনাবিদ (পরিকল্পনা ও বাস্তবায়ন), রাজউক, ঢাকা।
০৫। প্রধান নগর স্থপতি, রাজউক, ঢাকা।
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। পরিচালক (সকল), রাজউক, ঢাকা।
০৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), রাজউক, ঢাকা।
০৯। নগর পরিকল্পনাবিদ (পরিকল্পনা ও প্রণয়ন), রাজউক, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক (সকল), রাজউক, ঢাকা।
১১। উপ-পরিচালক (সকল), রাজউক, ঢাকা।
১২। উপ-নগর পরিকল্পনাবিদ (সকল), রাজউক, ঢাকা।
১৩। অথরাইজড অফিসার (সকল), রাজউক, ঢাকা।
১৪। নির্বাহী প্রকৌশলী (সকল), রাজউক, ঢাকা।
১৫। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), রাজউক, ঢাকা।
১৬। আইন কর্মকর্তা (সকল), রাজউক, ঢাকা।
১৭। লিয়াজো অফিসার, রাজউক ঢাকা [চেয়ারম্যান, রাজউক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১৮। গার্ড ফাইল।

১১/০৯/২৪

পরিচালক (প্রশাসন)
ও
সদস্য সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

Scanned with CamScanner